

কালের বর্ধ

আপডেট : ২৬ জুলাই, ২০১৬ ২১:৪৪

ড্রেসমেকিং অ্যান্ড টেইলারিং শিল্প

বিনা মূল্যে প্রশিক্ষণ, মিলবে ভাতা

বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রামের আওতায় ড্রেসমেকিং অ্যান্ড টেইলারিং শিল্পে প্রশিক্ষণ দেওয়া হবে দুই হাজার ৫০০ জনকে। বিস্তারিত জানাচ্ছেন ফরহাদ হোসেন



অ্যাসোসিয়েশন অব গ্রাসরুটস ওমেন এন্টারপ্রাইজিস, বাংলাদেশের (এজিডাব্লিউইবি) সহকারী প্রোগ্রাম অফিসার হাফিজুর রহমান জানান, পুরুষদের তুলনায় নারীদের কর্মসংস্থানের সুযোগ খুবই কম। ড্রেসমেকিং অ্যান্ড টেইলারিং শিল্পকে ঘিরে রয়েছে নারীদের কর্মসংস্থানের অনেক সুযোগ। ইচ্ছা করলে প্রশিক্ষণ নিয়ে নিজ বাড়িতে বসেই রোজগার করতে পারেন নারীরা। পুরুষরাও এ কাজ করতে পারেন। এ প্রকল্পের মাধ্যমে তিন বছরে আড়াই হাজার নারী-পুরুষ প্রশিক্ষণ পাবে। হাফিজুর রহমান বলেন, ‘এরই মধ্যে আমরা ১২৫ জনকে প্রশিক্ষণ দিয়েছি। এর মধ্যে ৭০ শতাংশ প্রশিক্ষণার্থীর চাকরির ব্যবস্থা করা হয়েছে। বাকিদের উদ্যোক্তা হিসেবে গড়ে তোলা হয়েছে।’

আবেদনের যোগ্যতা

এসএসসি পাস হলেই আবেদন করা যাবে। বয়স হতে হবে ১৫ থেকে ৪৫ বছরের মধ্যে। আবেদনের ক্ষেত্রে মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। তবে পুরুষ প্রার্থীরাও আবেদন করতে পারবে। ন্যূনতম ৮০ শতাংশ ক্লাসে উপস্থিত থাকতে হবে। উক্ত শর্ত না মানলে আবেদন করা যাবে না। প্রকল্পের প্রথম পর্যায়ে শুধু ঢাকা ও

রাজশাহী বিভাগের জেলাগুলোতে এ প্রশিক্ষণ দেওয়া হবে। পরবর্তী পর্যায়ে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা ও অর্থায়ন অনুসারে দেশের সব জেলায় এর কার্যক্রম পরিচালনা করা হবে।

আবেদন ও বাছাই প্রক্রিয়া

আবেদন করতে হবে নির্ধারিত ফরমে। আবেদন ফরম পাওয়া যাবে সংশ্লিষ্ট জেলার যুব প্রশিক্ষণ কেন্দ্রে। আবেদনের সময় জমা দিতে হবে সব শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধনের কপি ও চার কপি পাসপোর্ট সাইজের ছবি। বাছাইয়ের সময় দেখা হবে প্রশিক্ষণের মাধ্যমে আত্মকর্মস্থান বা চাকরি করার মানসিকতা আছে কি না। প্রতি ব্যাচে নেওয়া হয় ২৫ জন। যেসব জেলার যুব প্রশিক্ষণ কেন্দ্রে আবাসন সুবিধা আছে, সেসব কেন্দ্রে দেওয়া হবে আবাসন সুবিধা।

প্রশিক্ষণ যেভাবে

প্রশিক্ষণের মেয়াদ তিন মাস। প্রতিটি ক্লাস হবে চার ঘণ্টা করে। ব্যবহারিক প্রশিক্ষণ দেওয়া হবে ৮০ শতাংশ। বাকিটা তাত্ত্বিক। এ খাতের মৌলিক বিষয়ে ধারণা দেওয়া হবে। পোশাক তৈরির যাবতীয় বিষয়ে ব্যবহারিক বা সরাসরি কাজ শেখানো হবে। ব্যবহারিক প্রশিক্ষণ দেওয়ার জন্য থাকবে সেলাই মেশিনসহ আধুনিক প্রশিক্ষণ সামগ্রী।

দেওয়া হবে ভাতা, সনদ

হাফিজুর রহমান জানান, প্রশিক্ষণের জন্য কোনো ফি দিতে হবে না; বরং প্রশিক্ষণ শেষে পাওয়া যাবে ভাতা। একজন প্রার্থীকে প্রশিক্ষণ শেষে তিন হাজার টাকা প্রশিক্ষণ ভাতা দেবে বাংলাদেশ ব্যাংক। এ জন্য প্রশিক্ষণার্থীকে ব্যাংক হিসাব খুলতে হবে। প্রশিক্ষণ শেষে কাজের মূল্যায়ন করে দেওয়া হবে প্রশিক্ষণ সনদ।

আছে চাকরি ও ব্যাংক ঋণ

হাফিজুর রহমান জানান, ‘প্রশিক্ষণ শেষে দক্ষরা পোশাক তৈরির কারখানায় খুব সহজেই চাকরি পাবে। চাকরি পাওয়ার ক্ষেত্রে আমরা সহযোগিতা করে থাকি। এ ছাড়া এ কাজ শিখে নিজেরাই দোকান বা ছোট কারখানা দিতে চাইলে তাদের বিভিন্ন ধরনের সহায়তা করে থাকি। যাঁদের আগে থেকেই পোশাক তৈরির টেইলারিং দোকান বা কারখানা আছে, তাঁদের ব্যাংক ঋণের ব্যবস্থা করা হয়। সে ক্ষেত্রে থাকতে হবে ব্যবসার নামে ট্রেড লাইসেন্সসহ প্রয়োজনীয় কাগজপত্র। এ ছাড়া প্রশিক্ষণ নেওয়া কর্মীর তথ্য বিএমইটির জাতীয় দক্ষতা ডাটাবেজে অন্তর্ভুক্ত করা হবে। বাংলাদেশ থেকে প্রচুর দক্ষ পোশাক শ্রমিক নিয়ে থাকে অনেক দেশ। সেখান থেকে তারা বিভিন্ন দেশে কাজের সুযোগ পাবে।’

প্রশিক্ষণের তথ্য পেতে

বিভিন্ন সময় প্রশিক্ষণের জন্য প্রার্থী আহ্বান করে পত্রিকায় বিজ্ঞাপন দেওয়া হবে। বিজ্ঞাপনে সংশ্লিষ্ট জেলা বা বিভাগের নাম উল্লেখ থাকবে। সংশ্লিষ্ট জেলা বা বিভাগের নির্ধারিত প্রশিক্ষণ কেন্দ্র থেকে জানা যাবে প্রশিক্ষণের যাবতীয় তথ্য। এ ছাড়াও অ্যাসোসিয়েশন অব গ্রাসরুটস ওমেন এন্টারপ্রাইনার্স, বাংলাদেশ (এজিডাব্লিউইবি) বিজিআইসি টাওয়ার (৬ষ্ঠ তলা), ৩৪ তোপখানা রোড, ঢাকা-১০০০ এই অফিস থেকেও জানা যাবে সব তথ্য।

ফোন : ০২-৯৫৫৬৪৪৩

মোবাইল : ০১৭৩৩-৩৩৯৫৩৩

ওয়েবসাইট : www.agweb.org.bd

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,
উপদেষ্টা সম্পাদক : অমিত হাবিব,
ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে
প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।
বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স :
০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২,
৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com